অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো দেশের প্রথম অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ দমন আইনে বিদ্বেষমূলক ব্যাপক সহিংসতা অন্তর্ভুক্ত করার কাজ এগিয়ে নিচ্ছেন

ব্যাপক প্রাণহানীর উদ্দেশ্য নিয়ে বিদ্বেষ-প্রসূত হত্যাকে অন্যান্য সন্ত্রাসবাদের সমতুল্য শাস্তিসহ অভ্যন্তরীণ সন্ত্রাস হিসেবে সংজ্ঞায়িত করার লক্ষ্যে নিউইয়র্ক অঙ্গরাজ্যের "বিদ্বেষমূলক অপরাধ অভ্যন্তরীণ সন্ত্রাস আইন" ("Hate Crimes Domestic Terrorism Act")

কুওমো এসব অপরাধের জন্য ব্যবহৃত অস্ত্র নিষিদ্ধ করাসহ একটি ফেডারেল অভ্যন্তরীণ সন্ত্রাস আইন প্রণয়নের জন্য কংগ্রেসের প্রতি আহ্বান জানিয়েছেন: সামরিক শৈলীর হামলার অস্ত্র এবং উচ্চ ক্ষমতা সম্পন্ন ম্যাগাজিন, এবং সার্বজনীন পটভূমি যাচাই করা

কুওমো: "শ্বেতাঙ্গ আধিপত্যবাদী; সেমিট-বিরোধী, সমকামী, উভকামী, ট্রান্সজেন্ডার, ট্রান্সসেক্সুয়াল, কুইয়ার (LGBTQ)-বিরোধী শ্বেতাঙ্গ জাতীয়তাবাদী - এরা হল সেই আমেরিকান যারা অন্য আমেরিকানদের বিরুদ্ধে ব্যাপক বিদ্বেষমূলক অপরাধ করছে এবং এটা যা সেই অভ্যন্তরীণ সন্ত্রাস হিসেবেই সেটাকে স্বীকৃতি দেওয়া উচিত। এটা শুধু ন্যাক্কারজনক, অনৈতিক এবং আমেরিকান-বিরোধীই নয় - বরং বে-আইনি এবং অপরাধ দমনে নতুন আইন করার মাধ্যমে আমাদেরকে এর মোকাবিলা করতে হবে।"

কুওমো: "কোনো সময়ই নেতৃত্ব ছাড়া পরিবর্তন সূচিত হয় না।"

বিদ্বেষ প্রসূত ব্যাপক সহিংসতাকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো দেশের প্রথম অভ্যন্তরীণ সন্ত্রাস বিষয়ক আইনকে এগিয়ে নিয়েছেন। এই প্রস্তাব অনুযায়ী প্রকৃত বা অনুভূত জাতি, বর্ণ, জাতীয় উৎপত্তি, বংশ পরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, ধর্ম, ধর্মীয় চর্চা, বয়স, অক্ষমতা বা যৌন প্রবণতার কারণে কোনো জনগোষ্ঠীর বিরুদ্ধে ব্যাপক হত্যাকাণ্ড বিনা পারোলে যাবজ্জীবন কারাদন্ডের শাস্তি পাবার যোগ্য অপরাধ। এই পরিবর্তন এসব কর্মকাণ্ডকে কার্যকরভাবে যেভাবে গণ্য করা উচিৎ সেই সন্ত্রাসী অপরাধ হিসেবে গণ্য করবে, যার শাস্তি হবে অন্যান্য সন্ত্রাসী অপরাধের অনুরূপ। গভর্নর কেন্দ্রীয় সরকারকে একটি নতুন ফেডারেল অভ্যন্তরীণ সন্ত্রাস আইন প্রণয়ন করার জন্য আহ্বান জানিয়েছেন যা মার্কিন যুক্তরাষ্ট্রের মাটিতে সংঘটিত সন্ত্রাসী কাজগুলিকে সংজ্ঞায়িত করবে। একই সাথে তিনি এসব হত্যাকান্ডে যেসব সামরিক শৈলীর আক্রমণের অস্ত্র এবং উচ্চ ক্ষমতা সম্পন্ন ম্যাগাজিন প্রায়ই ব্যবহার করা হয় তা নিষিদ্ধ করার এবং সার্বজনীন পটভূমি যাচাই করার লক্ষ্যে আইন প্রণয়ন করার জন্য ফেডারেল সরকারের প্রতি আহ্বান জানান।

"আমরা এখনো সন্ত্রাসবাদকে বিদেশিদের দ্বারা সংঘটিত কাজ হিসেবে গণ্য করি", **গভর্নর কুওমো বলেন।** "বিষয়টি তাই, তবে কেবল আংশিকভাবে। সন্ত্রাসের বিরুদ্ধে এটি এখন একটি দুই পক্ষের যুদ্ধ। এটা বিদ্বেষ প্রসূত: বিদেশ থেকে আগত এবং এখানকার অভ্যন্তরীণ বিদ্বেষ। শ্বেতাঙ্গ আধিপত্যবাদী; সেমিট-বিরোধী, সমকামী, LGBTQ-বিরোধী শ্বেতাঙ্গ জাতীয়তাবাদী - এরা হল সেই আমেরিকান যারা অন্য আমেরিকানদের বিরুদ্ধে ব্যাপক বিদ্বেষমূলক অপরাধ করছে এবং এটা যা সেই অভ্যন্তরীণ সন্ত্রাস হিসেবেই সেটাকে স্বীকৃতি দেওয়া উচিৎ। আমেরিকান নাগরিক যারা বিদেশি মতাদর্শ দ্বারা নয়, বরং অন্য আমেরিকানদের প্রতি বিদ্বেষের কারণে চরমপন্থী, তারাও সন্ত্রাসবাদী। বর্তমানে আমাদের জনগণের কোনো বিদেশির দ্বারা সন্ত্রাসী হামলায় আক্রান্ত হওয়ার তুলনায় আমেরিকানের দ্বারা সন্ত্রাসী হামলায় আক্রান্ত হওয়ার সম্ভাবনা তিন গুণ বেশি। এটা শুধু ন্যাক্কারজনক, অনৈতিক এবং আমেরিকান-বিরোধীই নয় - বরং বে-আইনি এবং অপরাধ দমনে নতুন আইন করার মাধ্যমে আমাদেরকে এর মোকাবিলা করতে হবে।"

"আমরা নিউইয়র্ক অঙ্গরাজ্যে কোনো প্রকার সহিংসতা বা বিদ্বেষ সহ্য করি না", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "জাতিকে নেতৃত্ব প্রদানকারী এই আইন বর্ণ, লিঙ্গ, ধর্ম এবং অন্যান্য পরিচিতির ভিত্তিতে বিভিন্ন গোষ্ঠীর বিরুদ্ধে ব্যাপক হত্যার অপরাধ মোকাবেলা এবং প্রতিরোধ করবে। যারা সন্ত্রাসবাদ ও সহিংসতার মাধ্যমে আমাদের বিভক্ত করতে এবং আমাদের সুরক্ষার প্রতি হুমকি সৃষ্টি করতে চায় তাদের অবশ্যই শাস্তি পেতে হবে। আমরা সমস্ত নিউইয়র্কবাসীকে সুরক্ষা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমরা আমাদের বৈচিত্র্য উদযাপন করি যা আমাদেরকে এম্পায়ার স্টেটে পরিণত করেছে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "নিউইয়র্ক অধিকার রক্ষা, চরমপন্থার বিরুদ্ধে লড়াই, এবং বৈচিত্র্যকে স্বাগত জানানোর ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছে। দেশ জুড়ে বিদ্বেষমূলক অপরাধ ও অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের প্রসার ঘটছে তা গ্রহণযোগ্য নয় এবং নিউইয়র্ক অঙ্গরাজ্য অবশ্যই এর বিরুদ্ধে পদক্ষেপ নিতে এবং লড়াই করতে হবে। সিনেটে সংখ্যাগরিষ্ঠ ডেমোক্র্যাটরা নিউইয়র্কবাসীদের অধিকার সংরক্ষণ এবং সম্প্রসারণ করতে এবং আমাদের অঙ্গরাজ্যের সমস্ত বাসিন্দার নিরাপদ ও সমাদৃত বোধ নিশ্চিত করতে কঠোর পরিশ্রম করেছে। আমরা এসব গুরুত্বপূর্ণ লক্ষ্য এগিয়ে নিতে গভর্নর এবং স্পিকার উভয়ের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

পরিষদের স্পিকার কার্ল হিস্টি বলেন, "পরিষদের সংখ্যাগরিষ্ঠ অংশ সব ধরনের বিদ্বেষের নিন্দা করে এবং আমাদের অবশ্যই সবসময় এর মোকাবেলা করতে হবে। সাম্প্রতিক সময়ে এল পাসোর ব্যাপক হত্যাকাণ্ড এবং গত কয়েক বছরে অন্যান্য যেসব ভয়াবহ ঘটনা ঘটেছে, তাতে আমাদের দেশ লক্ষ্য ভিত্তিক বিদ্বেষমূলক অপরাধের বিরক্তিকর প্রবণতার মধ্য দিয়ে যাচ্ছে যা অভ্যন্তরীণ সন্ত্রাসের চেয়ে কম নয়। সমস্ত নিউইয়র্কবাসীর জন্য ব্যক্তিগত অধিকার বিস্তারের পথে পরিষদ নেতৃত্ব প্রদান করায় আমি গর্বিত এবং এই কঠোর লড়াইয়ের মাধ্যমে অর্জিত স্বাধীনতা রক্ষা ও সংরক্ষণ করার জন্য আমাদের অবশ্যই যথাসাধ্য চেষ্টা করতে হবে। আমাদের বৈচিত্র্যই আমাদের শক্তি, এবং আমরা সমস্ত নিউইয়র্কবাসীর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর আইন তৈরিতে সিনেট ও গভর্নরের সাথে কাজ করব।"

মার্কিন প্রতিনিধি হাকিম জেফরিস বলেন, "নিউইয়র্কে কখনো বিদ্বেষ ও সহিংসতা সহ্য করা হবে না। বন্দুকের সহিংসতা এবং অভ্যন্তরীণ সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর কুওমো'র বলিষ্ঠ নেতৃত্বের প্রশংসা করা উচিৎ। যুদ্ধের অস্ত্র নিষিদ্ধ করার জন্য আমাদেরকে এখন অবশ্যই ফেডারেল পর্যায়ে কাজ করতে হবে। আমাদের পরিবারে বা কমিউনিটির আশেপাশে তাদের কোনো স্থান নেই।"

নিউইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার কোরি জনসন বলেন, "সন্ত্রাসবাদ সম্পর্কিত আমাদের বিধিবিধানে এই মিথ্যা ধারণা পোষণ করা উচিত নয় যে, কেবল বিদেশি সন্ত্রাসীরা আমাদের জাতির জন্য হুমকি। আমরা জানি যে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ একটি গুরুতর সমস্যা, এবং এই দুঃখজনক বাস্তবতার মুখোমুখি হওয়ার জন্য আমাদেরকে আমাদের আইন হালনাগাদ করতে হবে। আমাদের বৈচিত্র্য হল আমাদের শক্তি এবং আমি এসব পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই। আমি আমাদের ফেডারেল সরকারকে নিউইয়র্কের নেতৃত্ব অনুসরণ, এবং বন্দুক নিয়ন্ত্রণ এবং আক্রমণ সহায়ক অস্ত্র নিষিদ্ধ করার বিচক্ষণ আইন প্রণয়নের আহ্বান জানাই।"

বিদ্বেষমূলক অপরাধ অভ্যন্তরীণ সন্ত্রাস আইন

এল পাসোর ওয়াল-মার্টে, অর্ল্যান্ডোর এক নাইটক্লাবে, চার্লস্টনের এক চার্চে এবং পিটসবার্গ ও পোওয়ের সিনাগগের মতো সাম্প্রতিক ব্যাপক হত্যাকাণ্ড ছিল আমেরিকান নাগরিকত্বের সমগ্র অংশে সন্ত্রাস কায়েমের উদ্দেশ্যে সংঘটিত অপরাধ। এসব কর্মকাণ্ডকে বর্তমানে সন্ত্রাসী কাজ হিসাবে বিবেচনা করা হচ্ছে না; আজ গভর্নরের প্রস্তাবিত আইনে এগুলোকে সন্ত্রাসী কাজ হিসাবে সঙ্গায়িত করা হবে।

আজ গভর্নরের প্রস্তাবিত অঙ্গরাজ্যের নতুন আইনে এসব কর্মকাণ্ডকে সঠিকভাবে সন্ত্রাস সিসাবে সঙ্গায়িত করা হয়েছে। এই প্রস্তাবের অভিপ্রায় নিউইয়র্কের বিদ্যমান বিদ্বেষমূলক অপরাধ আইনের মানকে প্রতিফলিত করে এবং নতুন অভ্যন্তরীণ সন্ত্রাসকে প্যারোল বিহীন যাবজ্জীবন পর্যন্ত কারাবাস সহযোগে দণ্ডনীয় বিদ্বেষমূলক অপরাধ হিসাবে গণ্য করে।

গভর্নরের প্রস্তাবিত নতুন আইনে যেসব বিদ্বেষ প্রসূত সহিংসতার ঘটনায় কমপক্ষে এক ব্যক্তিকে হত্যা করা হয় এবং কমপক্ষে অপর দুই ব্যক্তিকে হত্যার চেষ্টা করা হয় সেসব ঘটনাকে ব্যাপক হতাহতের ঘটনা হিসাবে সংজ্ঞায়িত করা হবে। ব্যাপক হতাহতের এই সংজ্ঞা তিন বা ততোধিক মৃত্যুকে ব্যাপক হত্যা হিসাবে ফেডারেল তদন্ত ব্যুরো (FBI) এর সংজ্ঞার সমান্তরাল হবে।

অভ্যন্তরীণ সন্ত্রাস বিষয়ক টাস্কফোর্স তৈরি করা হবে, সম্ভাব্য ব্যাপক হত্যাকাণ্ড ও ব্যাপক হত্যাকাণ্ড প্রতিরোধ করার অনুশীলনের এবং উদ্দেশ্যমূলক ব্যাপক হত্যাকাণ্ড ঘটার সম্ভাব্য স্থানের নিরাপত্তা প্রক্রিয়ার সুপারিশ করা হবে। এই টাস্কফোর্সকে গভর্নর ও আইনসভাকে তাদের উদ্ঘাটিত তথ্য জানাতে হবে।

গভর্নর ওয়াশিংটনকে ফেডারেল অভ্যন্তরীণ সন্ত্রাস আইন প্রণয়ন এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যের দেশকে নেতৃত্ব দানকারী বন্দুক নিরাপত্তা আইন প্রতিফলিত করে এমন আইন পাস করার আহ্বান জানান

গভর্নর কেন্দ্রীয় সরকারকে একটি নতুন ফেডারেল অভ্যন্তরীণ সন্ত্রাস আইন প্রণয়ন করার জন্য আহ্বান জানিয়েছেন যা মার্কিন যুক্তরাষ্ট্রের মাটিতে সংঘটিত সন্ত্রাসী কাজগুলিকে সংজ্ঞায়িত করবে। গভর্নর ফেডারেল সরকারকে নিউইয়র্ক অঙ্গরাজ্যের দেশকে নেতৃত্ব দানকারী বন্দুক নিরাপত্তা আইন প্রতিফলিত করে প্রায়ই ধিকৃত ব্যাপক হত্যার কাজে ব্যবহৃত অস্ত্র - সামরিক ধাঁচের হামলার অস্ত্র ও উচ্চ ক্ষমতার ম্যাগাজিন নিষিদ্ধকরণ - এবং সর্বজনীন পটভূমি যাচাইয়ের আবশ্যকতাসহ আইন পাস করার আহ্বান জানিয়েছেন।

গভর্নর কুওমো'র নেতৃত্বে 2013 সালে নিউইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করে, যার মধ্যে রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ ব্যক্তিদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন পটভূমি যাচাইয়ের বিষয়টি অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণ ক্ষমতাযুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরও কঠোর হয় তা নিশ্চিত করা হয়েছে।

SAFE আইনটি পাস হওয়ার পরে অঙ্গরাজ্যের কর্মকর্তাগণ "নিজের বা অন্যের জন্য মারাত্মক ক্ষতির কারণ হবে এমন আচরণে জড়িয়ে পড়ার" সম্ভাবনা যুক্ত মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের কাছ থেকে অস্ত্র দূরে রাখার উদ্দেশ্যে মানসিক স্বাস্থ্য সংশ্লিষ্ট পেশাদারদের কাছ থেকে 139,371 টি প্রতিবেদন পেয়েছেন। এসব প্রতিবেদন - যা সম্ভাব্য বিপজ্জনক মানসিক স্বভাবের প্রায় 98,000 লোকের প্রতিনিধিত্ব করে - উপযুক্ত স্থানীয় লাইসেন্সিং কর্মকর্তাদের অবহিত করার জন্য ব্যবহৃত হয় যারা অস্ত্রের লাইসেন্স স্থগিত বা বাতিল করে এবং স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছে সমর্পণ করা হয়নি এমন অস্ত্র অপসারণের জন্য অনুরোধ করে।

নিউইয়র্ক অঙ্গরাজ্য ছয় বছর আগে আইন পাশ করে কাজ করেছে। কোনো আইনি বন্দুক মালিকদের অধিকার লঙ্ঘিত করা হয়নি তবে অপ্রয়োজনীয়, বিপজ্জনক অস্ত্র রাস্তায় বহন বন্ধ রয়েছে এবং বিপজ্জনকভাবে মানসিক অসুস্থ ব্যক্তিরা বন্দুক কিনতে পারবে না।

যেসব ব্যক্তি তাদের নিজের ও অপরের জীবনের জন্য ঝুঁকির কারণ তারা যাতে কোনো আগ্নেয়াস্ত্র ক্রয় করতে না পারে সেলক্ষ্যে গভর্নর সম্প্রতি রেড ফ্ল্যাগ বিলও প্রণয়ন করেছেন। নিউইয়র্ক হল আদালতের হস্তক্ষেপের মাধ্যমে স্কুলে হত্যা প্রতিরোধে করতে সহায়তা করার জন্য শিক্ষক এবং স্কুল পরিচালকদের ক্ষমতায়নকারী দেশের প্রথম অঙ্গরাজ্য। এই আইন পারিবারিক নির্যাতন এবং প্রাণঘাতী বন্দুকের সহিংসতার মধ্যে সুপরিচিত সংযোগকে লক্ষ্য করেও প্রণীত হয়।

গভর্নর এ বছর পটভূমি যাচাইয়ের জন্য অপেক্ষার মেয়াদ বৃদ্ধি; বাম্প স্টক (bump stock) নিষিদ্ধকরণ; সনাক্তকরণ অযোগ্য বন্দুক নিষিদ্ধকরণ; আগ্নেয়াস্ত্রের নিরাপদ সংরক্ষণ আইন সম্প্রসারণ; স্কুল ডিসট্রিক্টগুলো কর্তৃক শিক্ষকদের অস্ত্র-সজ্জিত করা প্রতিরোধ; এবং অঙ্গরাজ্যব্যাপী বন্দুক কিনে ফেরত (buyback) নেয়ার কর্মসূচিসহ বিধিবিধান প্রতিষ্ঠার সমন্বিত আইন সহযোগে নিউইয়র্কের দেশকে নেতৃত্ব দানকারী বন্দুক আইনের ভিত্তি তৈরির কাজ অব্যাহত রেখেছেন।

মার্কিন প্রতিনিধি গ্রেগরি ডব্লিউ মিকস বলেন, "এ ব্যাপারে কোনো দ্বিমত নাই যে, সংস্কার বা রাজনৈতিক মতাদর্শ দ্বারা অনুপ্রাণিত অভ্যন্তরীণ সহিংসতা দেশে উল্লেখযোগ্য ও প্রাণঘাতী সন্ত্রাসে পরিণত হয়েছে। এই ক্রমবর্ধমান প্রবণতা সত্ত্বেও ফেডেরাল সরকার শ্বেতাঙ্গ আধিপত্য এবং বিদ্বেষ লালনকারী গোষ্ঠীসমূহের হুমকির বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে। ইন্টারনেট এবং জাতীয়তাবাদীদের বাগাড়ম্বরপূর্ণ বক্তৃতার অন্ধকার কোণায় সনাক্ত হুমকিকে নিউইয়র্ক স্পষ্ট করতে পারে ও তা করা উচিৎ এবং মৌলবাদী আমেরিকানদের সম্পাদিত সন্ত্রাসী কাজকে অভ্যন্তরীণ সন্ত্রাস হিসাবে পুন: সংজ্ঞায়িত করার গভর্নর কুওমো'র প্রচেষ্টায় সহায়তা করে আমি গর্বিত।"

মার্কিন প্রতিনিধি ক্যারলিন বি. মালোনি বলেন, "আমাদেরকে অবশ্যই আমাদের দেশ জুড়ে বিদ্বেষ দ্বারা প্ররোচিত হত্যাকাণ্ডের ব্যাপক ঘটনাকে সেটার সত্যিকার রূপ সন্ত্রাস হিসাবে স্বীকৃতি প্রদান করতে হবে। আমি গভর্নরের সঙ্গে রয়েছি এবং অভ্যন্তরীণ সন্ত্রাস দমন এবং ন্যায়বিচার প্রয়োগের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে আইন প্রবর্তনের জন্য তাকে সাধুবাদ জানাই। অবশ্যই বিদ্বেষকে কখনো জয়ী হতে দেয়া যাবে না।"

মার্কিন প্রতিনিধি ইয়ভেটে ডি. ক্লার্ক (Yvette D. Clarke) বলেন, "ফেডারেল সরকার আমেরিকানদেরকে বিদ্বেষ ও ধর্মান্ধতার হাত থেকে রক্ষা করার দায়িত্ব অস্বীকার করা অব্যাহত রাখায় নিউইয়র্ক অঙ্গরাজ্য গভর্নর কুওমো'র নেতৃত্বে সাম্যের উদাহরণ স্থাপন করে চলেছে। দায়িত্ব পালনকালে গভর্নর স্পষ্ট জানিয়ে দিয়েছেন যে আমাদের অঙ্গরাজ্যে বিদ্বেষ সহ্য করা হবে না। সবাইকে সমাদৃত বোধ করার ক্ষেত্রে এবং এ দেশকে মহতি দেশে পরিণত করে এমন সব মূল্যবোধ সমুন্নত রাখার গভর্নরের অব্যাহত প্রচেষ্টার জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

মার্কিন প্রতিনিধি ম্যাক্স রোজ বলেন, "বিদেশি বা অভ্যন্তরীণ যাই হোক না কেন, সন্ত্রাস সন্ত্রাসই এবং আমাদেরকে অবশ্যই এটিকে সেভাবেই গণ্য করে সেটার বিচার করার ক্ষেত্রে পরিষ্কার সিদ্ধান্ত নিতে হবে। সন্ত্রাসীদের বিরুদ্ধে ন্যায়বিচারের পূর্ণ গুরুত্ব নিশ্চিত করতে এই গুরুত্বপূর্ণ বিষয়ে নেতৃত্ব প্রদানের জন্য আমি দৃঢ়ভাবে গভর্নরের প্রস্তাবের তারিফ করি। কোনো আমেরিকানকেই অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের ভয়সহ জীবনযাপন করতে হবে না।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের ডিসট্রিক্ট অ্যাটর্নি অ্যাসোসিয়েশন (District Attorneys Association of the State of New York, DAASNY) এর সভাপতি ডেভিড এম. হুভলার বলেন, "আমাদের সাথী আমেরিকানরা বিদ্বেষমূলক অপরাধের কারণে প্রাণ হারানোর ঝুঁকিতে থাকলে অসহিষ্ণুতার কেবল নিন্দা করাই যথেষ্ট নয়। বিদ্বেষ ও সহিংসতার এই সংকটকে স্বীকৃতি প্রদান এবং দেশের সেরা বন্দুক সুরক্ষা ব্যবস্থার মাধ্যমে তা মোকাবেলার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নরের

তারিফ করি। অভ্যান্তরীণ সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে আমরা গভর্নর এবং সমস্ত নিউইয়র্কবাসীর সাথে ঐক্যবদ্ধ রয়েছি।"

আমেরিকার প্রধান ইহুদি সংগঠনসমূহের সভাপতিদের সম্মেলনের (Conference of Presidents of Major American Jewish Organizations) নির্বাহী ভাইস চেয়ারম্যান ম্যালকম হোয়েনলেইন বলেন, "এই সংকটময় সময়ে নৈতিক নেতৃত্বের প্রয়োজন। কোনো হুমকির সাথে লড়াই করার জন্য তা সঠিকভাবে চিহ্নিত করা এবং সেটার নামকরণ করা অপরিহার্য। অভ্যন্তরীণ সন্ত্রাস আন্তর্জাতিক সন্ত্রাসের মতোই বড় রকমের বিপদ ডেকে আনে। আমাদের পরিবার এবং কমিউনিটিকে নিরাপদ রাখতে আমাদের সবাইকে কাজ করতে হবে।"

অশ্বেতাঙ্গ মানুষের অগ্রগতির জন্য জাতীয় সমিতির (National Association for the Advancement of Colored People, NAACP) নিউইয়র্ক অঙ্গরাজ্যের কনফারেন্স এর সভাপতি হ্যাজেল ডিউকস বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্য দীর্ঘকাল ধরে প্রগতিশীল সংস্কারের আলোকবর্তিকা হয়ে রয়েছে এবং এই কঠিন সময়ে আবারও আলো ছড়াচ্ছে। অভ্যান্তরীণ সন্ত্রাস আমাদের সমাজের জন্য সবচেয়ে বড় হুমকিগুলোর একটি এবং গভর্নর কুওমো বলছেন তা "আর নয়"। এসব সংস্কার আমাদের নিরাময় এবং আরও হত্যাকাণ্ড থেকে দেশকে সুরক্ষা প্রদানে সহায়তা করার জন্য প্রয়োজনীয়। আমাদের কর্মকাণ্ডে নেতৃত্ব প্রদানের জন্য গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ।"

আলবেনিয়ান ইসলামিক কালচারাল সেন্টারের ইমাম ড. তাহির কুকিকি বলেন, "প্রায়ই বিদ্বেষ প্রসূত বন্দুক সহিংসতার মহামারী বন্ধ করতে আমরা গভর্নর কুওমো'র সাথে থেকে গর্বিত। গভর্নরের নেতৃত্বের কল্যাণেই নিউইয়র্ক দেশের সবচেয়ে ব্যাপক এবং কার্যকর বন্দুক আইন পাস করেছে। আমরা সমস্ত নিউইয়র্কবাসীকে বিদ্বেষমূলক সন্ত্রাস থেকে সুরক্ষিত রাখতে সংস্কার সংযোজনের পক্ষাবলম্বনে দৃঢ় প্রতিজ্ঞ।"

EVP এবং ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্কের জেনারেল কাউন্সেল সম্মানিত মাইকেল এ. হার্ডি বলেন,, "নিউইয়র্ক অঙ্গরাজ্যে বিদ্বেষের কোনো স্থান নেই, এবং দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর কুওমো তা স্পষ্ট করে দিয়েছেন। অঙ্গরাজ্যের আইনসভা এবং অঙ্গরাজ্যের বহু সহিংসতা-বিরোধী গোষ্ঠীর সহায়তায় গভর্নরের নেতৃত্বে নিউইয়র্কে রয়েছে দেশের সবচেয়ে শক্তিশালী বন্দুক আইন এবং এর জন্য অধিবাসী হিসাবে আমরা অধিক নিরাপদ। এসব গুরুত্বপূর্ণ উদ্যোগের পক্ষে লড়াই চালিয়ে যাওয়ার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই, সমস্ত নিউইয়র্কবাসী এবং সমস্ত আমেরিকানের উপর যার প্রভাব রয়েছে।"

বন্দুকের সহিংসতার বিরুদ্ধে নিউইয়র্ক (New Yorkers Against Gun Violence) এর নির্বাহী পরিচালক রেবেকা ফিশার বলেন, "আমেরিকানদের নিরাপদে থাকার অধিকার রয়েছে, অথচ বন্দুকের সহিংসতার অব্যাহত হুমকি আমাদের নাগরিকদের ভয়ে আচ্ছন্ন করে রেখেছে। নিউইয়র্কে আমরা নিরাপদ ও শক্তিশালী এবং অন্যান্য অঙ্গরাজ্যকেও অবশ্যই আমাদের নেতৃত্বের পদক্ষেপসমূহ অনুসরণ করতে হবে। আমরা আবারও কৃতজ্ঞ যে গভর্নর কুওমো বারবার সুরক্ষার জন্য আমাদের

আহ্বানে সাড়া দিয়েছেন এবং আমাদের বন্দুক আইন আরও শক্তিশালী করতে এবং আমাদের পরিবার, স্কুল ও কমিউনিটির সুরক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করেছেন।"

নিউইয়র্কের রাব্বি বোর্ডের (NY Board of Rabbis) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট রাব্বি জোসেফ পটাসনিক বলেন, "যে কোনো ব্যাপক বিদ্বেষমূলক অপরাধ হল অভ্যন্তরীণ সন্ত্রাসী কাজ এবং তা সেভাবেই মোকাবেলা করা উচিত। গভর্নর কুওমো অনুধাবন করেছেন যে, আমাদের আইন প্রয়োগকারী সংস্থাকে অভ্যন্তরীণ সন্ত্রাসের হুমকির বিরুদ্ধে লড়াই-এর ক্ষেত্রে ক্ষমতায়ণের জন্য আমাদেরকে অবশ্যই এটিকে সঠিকভাবে সনাক্ত করায় সক্ষম হতে হবে। নিউইয়র্কে বিদ্বেষের কোনো স্থান নেই এবং নিউইয়র্ক আমাদের দেশে যে বিদ্বেষ-প্রসূত সন্ত্রাসের বিস্তার ঘটছে তার বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দেবে।"

এশিয়ান আমেরিকান ফেডারেশনের (Asian American Federation, AAF) নির্বাহী পরিচালক জো-অ্যান ইয়ু বলেন, "আমাদের দেশ আর বন্দুক নিয়ন্ত্রণের বিষয়টি উপেক্ষা বা আমাদের জনগণের উপর হামলাকে অভ্যন্তরীণ সন্ত্রাস ছাড়া অন্য কিছু হিসাবে সঙ্গায়িত করতে পারে না। গভর্নর কুওমো পিছপা হচ্ছেন না এবং দেশকে এসব বিষয়ে নিউইয়র্ক অঙ্গরাজ্যের নেতৃত্ব অনুসরণ করার আহ্বান জানাচ্ছেন। এই লড়াইয়ে তার সাথে যোগদান করাটা আমাদের নৈতিক বাধ্যবাধকতা। আপনার পদক্ষেপের জন্য গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ।"

নারীর ক্ষমতায়নে মরোক্কান আমেরিকান পরিষদের (Moroccan American Council to Empower Women) প্রেসিডেন্ট হাফিদা টরেস বলেন, "ওয়াশিংটন যেসব মূল বিষয় মোকাবেলা করতে অস্বীকৃতি জানাচ্ছে নিউইয়র্ক সেগুলোতে নেতৃত্ব দিচ্ছে। এসব অর্থহীন কর্ম প্রসূত অপরাধকে সত্যিকারভাবে সঙ্গায়িত করার মাধ্যমে আমরা আমাদের নাগরিকদের সুরক্ষা জনিত সমাধান নিয়ে কাজ শুরু করতে পারি। অভ্যন্তরীণ সন্ত্রাসের বিরুদ্ধে লড়াইয়ে গভর্নর কুওমো'র পরিকল্পনা ব্যাপক ভিত্তিক, বুদ্ধিদীপ্ত এবং প্রয়োজনীয়। নেতৃত্ব প্রদানের জন্য এবং এ দেশে নেতৃত্ব কেমন হতে পারে সেটার একটি দৃঢ় উদাহরণ স্থাপনের জন্য আমি গভর্নরকে সাধুবাদ জানাই।"

ট্রান্সলিগ্যাল (TransLegal) এর বোর্ড সভাপতি ক্রিস্টেন প্রাটা ব্রাউড বলেন, "বিদ্বেষ ভিত্তিক সহিংসতার সমালোচনা করার এবং এর সত্যিকার পরিচয় অভ্যন্তরীণ সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করার প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর কুওমো'র তারিফ করি। আমাদের অঙ্গরাজ্য আমেরিকার স্বাধীনতার প্রতীক স্ট্যাচু অব লিবার্টি'র স্বদেশ ভূমি। আমাদের আমেরিকান আদর্শের প্রতিরক্ষা এবং আমাদের কমিউনিটিগুলোকে বন্দুক ও বিদ্বেষ থেকে সুরক্ষিত রাখার সংকল্পে আমরা গভর্নরের সঙ্গে যোগ দিচ্ছি।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের বার অ্যাসোসিয়েশনের (New York State Bar Association) সভাপতি হ্যাঙ্ক গ্রিনবার্গ বলেন, "নিউইয়র্ক অঙ্গরাজ্যের বার অ্যাসোসিয়েশন ব্যাপক হত্যাকাণ্ডের হামলা মোকাবেলায় নেতৃত্বের জন্য গভর্নরের তারিফ করছে। আমেরিকা ব্যাপক হত্যাকাণ্ডের মহামারীর কেন্দ্রস্থলে রয়েছে। এই সঙ্কট কার্যকরভাবে মোকাবেলা করতে নীতি নির্ধারকদের অবশ্যই এসব ভয়াবহ ঘটনার শিকড়কে স্বীকৃতি দিতে হবে। আমাদের সমাজে বর্তমানে এর চেয়ে বড় মনোযোগের দাবিদার কোনো

বিষয় আর নেই এবং তা সমাধানের জন্য আমরা গভর্নরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

সমকামী, উভকামী এবং ট্রান্সজেন্ডার কমিউনিটি সেন্টারের (LGBT Community Center) চিফ অ্যাডভোকেসি অফিসার শিজুয়াদে কাদ্রি (Shijuade Kadree) বলেন, "বন্দুকের সহিংসতা এবং ব্যাপক হামলার ঘটনা ক্রমবর্ধমান উদ্বেগের বিষয়, বিশেষত প্রান্তিক মানুষদের জন্য যারা প্রায়ই সহিংস অসহিষ্ণুতা, বৈষম্য এবং বিদ্বেষের লক্ষ্যে পরিণত হয়। আমরা শ্বেতাঙ্গ আধিপত্যের নামে সম্পাদিত সহিংস কার্যের মাধ্যমে আমাদের কমিউনিটিতে সন্ত্রাস বিস্তারকারী ব্যাপক ভিত্তিক বন্দুকের সহিংসতা মোকাবেলার গভর্নর কুওমো'র ইচ্ছার তারিফ করি, বিশেষত এমন সময়ে যখন আমাদের ফেডারেল সরকার আমাদেরকে এই সহিংসতা থেকে রক্ষার পদক্ষেপ গ্রহণ না করার সিদ্ধান্ত নিয়েছে।"

নিউইয়র্ক নগরী বার অ্যাসোসিয়েশনের নির্বাহী পরিচালক ব্রেট পার্কার বলেন, "আমরা আমাদের নির্বাচিত কর্মকর্তাদেরকে বিদ্বেষমূলক বক্তৃতা এবং পরিচয়-ভিত্তিক সহিংসতার মধ্যকার যোগসূত্রকে স্বীকৃতি প্রদানের আহ্বান জানিয়েছি, এবং আমাদের কমিউনিটিকে আরও নিরাপদ করতে এই বিষয় মোকাবেলার জন্য গভর্নরের প্রচেষ্টার জন্য আমরা তাকে সাধুবাদ জানাই।"

এইডস বিষয়ক ল্যাটিনো কমিশনের (Latino Commission on AIDS) সভাপতি এবং হিসপ্যানিক হেলথ নেটওয়ার্কের (Hispanic Health Network) প্রতিষ্ঠাতা গুইলারমো চাকন বলেন, "নিউইয়র্ক কিসের পক্ষে যে কোনো সময়ের চেয়ে এখন বিশ্বের সেটা জানা আরও বেশি প্রয়োজন। আমাদের দেশব্যাপী বিদ্বেষের ক্যান্সার ছড়িয়ে পড়ার সাথে সাথে নিউইয়র্ক বৈচিত্র্য থেকে শক্তি সঞ্চয় করে প্রত্যাশার প্রতীক হিসাবে দাঁড়িয়ে রয়েছে। গভর্নর কুওমো দৃঢ়তার সাথে জানিয়ে দিয়েছেন যে, বিদ্বেষের প্রতি নিউইয়র্কবাসীদের কোনো সহিষ্ণুতা নেই এবং তা বিপজ্জনক বাগাড়ম্বর বা অভ্যন্তরীণ সন্ত্রাস যে রূপই গ্রহণ করুক না কেতারা মনোভাবে অটল থাকবে।"

ইহুদি সম্প্রদায়ের সম্পর্ক পরিষদের (Jewish Community Relations Council) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী মাইকেল মিলার বলেন, "সব নিউইয়র্কবাসীর নিরাপত্তা হল সর্বোচ্চ অগ্রাধিকার, আর সেটাই দেশের মধ্যে আমাদের সবচেয়ে শক্তিশালী বন্দুক আইন বিদ্যমান থাকার কারণ। গভর্নর কুওমো জানেন যে নিউইয়র্কের বৈচিত্র্যই আমাদের শক্তি। ব্যাপক বিদ্বেষমূলক অপরাধকে 'অভ্যন্তরীণ সন্ত্রাস' হিসাবে বিবেচনা করার ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের মাধ্যমে গভর্নর কুওমো খুব স্পষ্টভাবে জানিয়ে দিচ্ছেন যে, আমাদের অঙ্গরাজ্যে বিদ্বেষ কখনো সহ্য করা হবে না।"

মমস ডিমান্ড অ্যাকশন ফর গান সেনস ইন আমেরিকার (Moms Demand Action for Gun Sense in America) নিউইয়র্ক শাখার স্বেচ্ছাসেবী জিউন রুবিন বলেন, "এল পাসোতে মর্মান্তিক বিদ্বেষ প্রসূত হত্যাকাণ্ডের প্রাক্কালে গভর্নর কুওমো অভ্যন্তরীণ সন্ত্রাস মোকাবেলার পদক্ষেপ গ্রহণ করায় আমরা গর্বিত। বর্ণবাদ, বিদেশাতঙ্ক (xenophobia), সমকামী আতঙ্ক এবং নারী-বিদ্বেষের সঙ্গে বন্দুক বা আগ্নেয়াস্ত্র যুক্ত হলে সেটা মারাত্মক হয়। এ বছর ইতোমধ্যেই গভর্নর স্বাক্ষরিত বন্দুক সুরক্ষা ব্যবস্থা আইনের সাথে সম্মিলিতভাবে এই আইন নিউইয়র্কবাসীদেরকে বন্দুকের সহিংসতা থেকে রক্ষা করতে সহায়তা করবে।"

গিফোর্ডস: বন্দুকের সহিংসতার বিরুদ্ধে লড়াই করার সাহস (Giffords: Courage to Fight Gun Violence) এর স্টেট লেজিসলেটিভ ডিরেক্টর নিকো বোকোর বলেন, "বন্দুকের সহিংসতা এমন এক মহামারী যা দেশের প্রতিটি কোণকে প্রভাবিত করে। এ মাসের ধারাবাহিক সহিংসতা আমাদেরকে আবারও স্মরণ করিয়ে দিচ্ছে যে আমরা ভীতির মধ্যে বসবাস করছি – এমনকি স্কুল সরবরাহের কেনাকাটার মতো সাধারণ কাজ করার সময়েও। বিদ্বেষ প্রসূত সহিংসতা বৃদ্ধি পাচ্ছে এবং বিদ্বেষ তাড়িত কোনো ব্যক্তি সহজেই বন্দুক পেতে সক্ষম হলে কী ঘটে সে করুণ চিত্র আমরা দেখেছি। কংগ্রেস এই সঙ্কট বন্ধের পদক্ষেপ নিতে ব্যর্থ হলেও গভর্নর কুওমো আবারও নিরাপদ নিউইয়র্কের লক্ষ্যে লড়াইয়ের জন্য প্রয়োজনীয় সাহস দেখিয়ে চলেছেন।"

ব্র্যাডি ক্যাম্পেইন এর নীতিমালা বিষয়ক সহ-সভাপতি ক্রিশ্চিয়ান হেইন বলেন, "সমস্ত আমেরিকানের জীবনের প্রতি হুমকিস্বরূপ বিদ্বেষের মোকাবেলা করার কারণে আমি গভর্নর কুওমো'র প্রশংসা করি। আমেরিকাতে আমরা প্রায়ই সন্ত্রাসকে বৈদেশিক হুমকি হিসাবে গণ্য করে কথা বলি, তবে আমাদের দেশের ব্যাপকভাবে অস্ত্র সজ্জিত অভ্যন্তরীণ সন্ত্রাসীদের ধ্বংসাত্মক প্রভাবকে সঠিকভাবে সঙ্গায়িত ও তার মোকাবেলা করা দরকার। FBI এর সাম্প্রতিক সময়ের ডেটা দেখায় যে জাতি, ধর্ম, প্রতিবন্ধিতা এবং লিঙ্গের ভিত্তিতে বিদ্বেষ প্রসূত অপরাধ বৃদ্ধি পাচ্ছে। এবং দুঃখের বিষয় এই, আমরা খুব ভালভাবে জানি যে বন্দুক বিদ্বেষকে প্রাণঘাতী করে তোলে। ব্র্যাডি'র তৃণমূল ভিত্তি স্থাপনকারী বন্দুকের সহিংসতা রোধে দেশের প্রথম অঞ্চল ভিত্তিক সংস্থা – মিলেনিয়াম মম মার্চ (Million Mom March) 1999 সালে লস অ্যাঞ্জেলেস এর একটি ইহুদি কমিউনিটি সেন্টারে (Jewish Community Center, JCC) হত্যাকাণ্ডের পরে প্রতিষ্ঠিত হয়। সেই অভ্যন্তরীণ সন্ত্রাসী ঘটনা 20 বছর আগে এ মাসেই সংঘটিত হয়েছিল এবং তখন থেকে আমাদের দেশ চার্লসটন এএমই হত্যাকাণ্ড, শিখ উইসকনসিন হত্যাকাণ্ড, পালস নাইটক্লাব, পোওয়ে ও লাইফ অব লাইফ এবং অতি সাম্প্রতিক গিলরয় ও এল পাসো হত্যাকাণ্ডের মতো আরও অনেক বিদ্বেষমূলক দু:খজনক ঘটনা সহ্য করেছে। এটা অব্যাহত থাকতে পারে না। যারা ক্ষতির কারণ হয় তাদের কাছ থেকে বন্দুক দূরে রাখার এই লড়াইয়ে আমরা গভর্নর কুওমো'র সাথে রয়েছি।"

নিউইয়র্ক আরবান লীগ (NY Urban League) এর প্রধান নির্বাহী আরভা রাইস বলেন, "বেশ কয়েকটি মারাত্মক ব্যাপক হত্যাকাণ্ডের ঘটনার পর গভর্নর কুওমো বন্দুকের সহিংসতার বিরুদ্ধে সুরক্ষার পদক্ষেপ গ্রহণ করে নিউইয়র্কবাসীদের সুরক্ষা করছেন। ফেডারেল সরকার উদ্দেশ্যমূলক নিষ্ক্রিয়তার সাথে এই প্রকৃত ও বিপজ্জনক হুমকিকে উপেক্ষা করলেও জীবন রক্ষায় সহায়তা করার লক্ষ্যে দেশের সবচেয়ে শক্তিশালী বন্দুক আইনের মাধ্যমে নিউইয়র্ক অগ্রযাত্রায় নেতৃত্ব দিচ্ছে। এই বিষয়কে একটি শীর্ষ অগ্রাধিকার হিসাবে বিবেচনা করে নিউইয়র্কবাসীদের সুরক্ষাকে সর্বাগ্রে রাখার জন্য আমরা গভর্নরের তারিফ করি।"

পার্কল্যান্ড ঘটনার শিকার স্কট বিগেলের মা লিন্ডা বিগেল বলেন, "বন্দুকের সহিংসতায় একের পর এক জীবন হারিয়ে যাওয়ার সময় দেশ প্রতিক্রিয়ার জন্য ওয়াশিংটনের নয়, নিউইয়র্কের দিকে তাকিয়ে রয়েছে। দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসকে সঙ্গায়িত করার লক্ষ্যে দেশের সবচেয়ে শক্তিশালী আইন থেকে শুরু করে এই নতুন আইন পর্যন্ত নিউইয়র্ক প্রতিনিয়ত সামনে রয়েছে। আমাদের দেশের

রাজধানীর লোকেরা এখন পর্যন্ত যা করতে অনিচ্ছুক, অব্যাহত হুমকির মুখে সেই সক্রিয় থাকার জন্য আমরা গভর্নর কুওমো ও তার প্রশাসনের তারিফ করি।"

LGBT নেটওয়ার্কের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড কিল্মনিক, পিএইচডি বলেন, "দীর্ঘ সময় ধরে ওয়াশিংটনের নেতৃবৃন্দ এক্ষেত্রে নিষ্ক্রিয় থাকায় শ্বেতাঙ্গ জাতীয়তাবাদ, বিদ্বেষমূলক অপরাধ এবং ব্যাপক হত্যাকাণ্ড আমাদের দেশের সর্বত্র দাবানলের মতো ছড়িয়ে পড়েছে। সব রকমের অসহিষ্ণুতার বিরুদ্ধে অবস্থান গ্রহণকারী এবং নিউইয়র্ক অঙ্গরাজ্যে বিদ্বেষের কোনো স্থান নেই মর্মে স্পষ্টভাবে ঘোষণাকারী গভর্নরকে পেয়ে এখানে নিউইয়র্কে আমরা কৃতজ্ঞ। নিউইয়র্ককে সবার জন্য প্রত্যাশার আলোক বর্তিকা করে তোলায় অব্যাহত প্রচেষ্টার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

নিউইয়র্ক অঙ্গরাজ্যের নারী বার অ্যাসোসিয়েশনের (Women's Bar Association of the State of New York, WBASNY) সভাপতি ডিড্রে এল. হে বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যাপক শ্যুটিং এর মহামারীর কারণে দেশের অন্যান্য অংশের মতো WBASNY-ও শোকাহত এবং দুঃখিত। আমরা এই অর্থহীন সহিংসতার ঘটনায় নিহত এবং আহতদের পরিবারের প্রতি সমবেদনা জানাই। ক্ষতিগ্রস্থ ব্যক্তি এবং তাদের পরিবারের উপর এর প্রভাব, বা অভ্যন্তরীণ সহিংসতার ইতিহাস এবং এসব ব্যাপক সন্ত্রাসী ঘটনা যারা সংঘটিত করছে তাদের মধ্যে যোগসূত্র প্রদর্শনকারী ক্রমবর্ধমান সাক্ষ্যপ্রমাণ আমাদের সদস্যদের অগোচরে থাকছে না। মানুষের জীবনের অযৌক্তিক ক্ষতি ও দুর্ভোগ আমাদেরকে অবশ্যই সমাধান খুঁযে পেতে বাধ্য করবে। নীতি নির্ধারকদেরকে অবশ্যই ভবিষ্যতের ব্যাপক হত্যা প্রতিরোধে কাজ করতে হবে। আমরা মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানে অন্তর্ভূক্ত অধিকারসমূহ সুরক্ষিত রেখে নীতি নির্ধারকদের প্রতি নিয়ন্ত্রকমূলক ও বিধিবদ্ধ সংস্কারের সুপারিশ করতে উৎসাহিত করি। আইনজ্ঞ হিসাবে আমাদের ভূমিকার এবং নারী ও শিশুদের অধিকার রক্ষায় আমাদের লক্ষ্যের কথা মাথায় রেখে এ বিষয়ে আইনের যে কোনো সংস্কারের প্রস্তাব পর্যালোচনা করায় WBASNY প্রতিশ্রুতিবদ্ধ। বন্দুকের সহিংসতার আর্কাইভ অনুসারে 2019 সালে ব্যাপক হত্যার ঘটনায় 520 ব্যক্তি নিহত এবং কমপক্ষে 2,000 ব্যক্তি আহত হয়েছে - এসব সংখ্যা ক্ষতিগ্রস্থদের পরিবার এবং সমাজের মধ্যকার শোক ও ধ্বংসের মাত্রা প্রতিফলিত করতে পারে না। এ বিষয়কে আর অবহেলা করা যায় না। আমরা আজকের অনুষ্ঠানে এই কঠিন বিষয়ে প্রয়োজনীয় সংলাপ শুরু করতে নেতৃত্ব প্রদানের জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই। WBASNY কার্যকর সমাধানের লক্ষ্যে অগ্রসর হওয়ার মাধ্যমে ব্যাপক হত্যার মহামারী মোকাবেলায় গভর্নরের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন